

ডাক্তার কি-না। আমরা যখন বাজার থেকে পচনশীল কোন দ্রব্য (যেমন- ফল, কাঁচা সবজি) কিনতে চাই আমাদের বিশেষ সতর্কতার সাথে নষ্ট, পঁচা, পোকায় কাটাগুলো বাদ দিয়ে ভাল ও সতেজগুলো বেছে নিতে হয়। কারণ আমরা আমাদের দৈনিক স্বাস্থ্য পরিচর্যার জন্য ভাল খাবার খেতে চাই। কিন্তু আমাদের আরো কত না বেশি রূহানীক বিষয়ের জন্য অবগত হওয়া প্রয়োজন যার অনন্তকালীন পরিনতি আছে।

একজন বিখ্যাত পণ্ডিত ব্যক্তি বলেছেন, “কোন বিষয়ে সন্দেহ করা পাপ নয়, কিন্তু অকপটে সবকিছু বিশ্বাস করা বোকামী।” কোন বক্তব্য অথবা কারো মতামত গ্রহণ করার পূর্বে আমাদের তা সত্য কি-না সে বিষয়ে নিশ্চিত হওয়া দরকার। সকল বিষয় অবশ্যই প্রশ্ন দ্বারা যাচাই হওয়া উচিত। কোন কোন সময় লোকের কিছু বিষয় সন্দেহহীনভাবে গ্রহণ করে কারণ তারা সেটা ভালবাসে। অন্য একজন বিখ্যাত দার্শনিক বলেছেন, “নিজেকে প্রতারণা করবার চেয়ে সহজ কিছু নেই। কারণ প্রত্যেক মানুষ যা আশা করে সে তা সত্য বলেও বিশ্বাস করে।” যদি আমরা নিজের কাছে বিশ্বস্ত থাকতে চাই তাহলে আমাদের বিশ্বাসগুলোর খুঁটিনাটি বিষয়ে বিষদভাবে পরীক্ষা-নিরীক্ষার